গাংনীতে পাসপোর্ট হারানোর হিড়িক, কয়েকঘন্টায় থানায় ২৫ জিডি

মেহেরপুরের গাংনী থানায় পাসপোর্ট হারানো সংক্রান্ত জিডি হয়েছে ২৫ টি। সোমবার সকাল আটটা থেকে বিকেল পাঁচটা পর্যন্ত এ জিডি করেন পাসপোর্টের মালিকগণ। প্রত্যেকে বাড়ি থেকে আসার পথে পাসপোর্ট হারিয়েছে বলে বর্ণনা করেছেন জিডিতে। এটি রহস্যজনক বলে মন্তব্য করেছেন থানা পুলিশ।

গাংনী থানার ডিউটি অফিসার আব্দুর রাজ্জাক জানান, প্রতিদিনই পাসপোর্ট হারানোর জিডি গ্রহণ করা হয়। পাঁচটা থেকে ১০টা জিডি হয়। সোমবার সকাল থেকে ২৫টি জিডি গ্রহণ করা হয়েছে যা উদ্বেগজনক। প্রত্যেকে শহরে আসার পথে হারিয়েছে বলে উল্লেখ করেছেন।

গাংনীর ভোলাডাঙ্গা গ্রামের আব্দুল কুদ্দুসের ছেলে নাজমুল ও আকুবপুর গ্রামের আব্দুর রাজ্জাকের ছেলে জাহাঙ্গীর জানান, তারা শহরে আসার পথে ব্যাগ হারিয়ে যায়। ওই ব্যাগে পাসপোর্ট ছিল। নতুন পাসপোর্ট প্রয়োজন তাই জিডি করতে এসেছেন। একই কথা জানালেন কাজিপুরের কেরামত আলীর ছেলে আরিফুল।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, সরকারী নিয়মানুযায়ি জিডি গ্রহণ করা হয়। বিষয়টি ধোঁয়াসা। ধারণা করা হচ্ছে- বিদেশ গমনের জন্য এরা দালালদের কাছে পাসপোর্ট দিয়ে আর ফেরত পায়নি। ফলে নতুন করে পাসপোর্ট প্রয়োজন হওয়ায় জিডি করছেন সংশ্লিষ্টরা।

গাংনীতে মিষ্টি ভেবে শিশুর

বিষপান

ফসলে দেওয়ার জন্য দানা বিষ রেখেছিলেন ঘরে। অবুঝ শিশু ভুল করে ২ বছর বয়সী তামজীদ হোসেন সে বিষ খেয়ে ফেলেছে। এখন তামজিদ হোসেন কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে চিকিৎসাধীন। তামজিদ হোসেন নড়াইল জেলার তারিক হোসেনের ছেলে।

আজ বৃহস্পতিবার (১৩ জানুয়ারী) বেলা আড়াইটার দিকে নানা বাড়ি মেহেরপুরের গাংনী উপজেলার হাফানিয়া গ্রামে এ ঘটনা ঘটে। ঘরের টেবিলের উপর জমিতে দেওয়ার জন্য রাখা দানা বিষ পান করে ফেলে শিশুটি।

মূমূর্ষ অবস্থায় তাকে গাংনী হাসপাতালে নিলে ডাক্তার তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করেন।

গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের আবাসিক মেডিকেল অফিসার (আরএমও) এমকে রেজা জানান, শিশুটি বিষ খেয়ে ফেলেছে। তার শরীরে এখনও বিষ আছে। এখানে শিশুদের বিষ উঠানোর কোনো ব্যবস্থা নেই। তাই তাকে উন্নত চিকিৎসার জন্য ২৫০ সয্যা বিশিষ্ট কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়ে হয়েছে।

ব্রাজিলের অলিম্পিক দলে ঠাঁই হয়নি নেইমারের!

টোকিও অলিম্পিকের জন্য দল ঘোষণা করেছে বর্তমান চ্যাম্পিয়ন ব্রাজিল। ১৮ সদস্যের দলে জায়গা হয়নি নেইমারের।

দলটির অধিনায়ক নির্বাচিত হয়েছেন ৩৮ বছর বয়সি ডিফেন্ডার দানি আলভেস।

অলিম্পিক আসরে নেইমারের খেলার সুযোগ ছিল। তাকে দলে রাখতে পারতেন কোচ।

যদিও এ আসরে মূলত অনূর্ধ্ব-২৩ দলের হয়ে থাকে। তবে কোনো দল চাইলে ২৩ বছরের বেশি বয়স্ক তিনজন ফুটবলারকে দলে নিতে পারে। সে হিসাবে খেলতে পারতেন ২৯ বছর বয়সি ব্রাজিলের এ সেরা খেলোয়াড়। তবে কোচ তাকে বিবেচনায় রাখেননি।

২৩ বছরের বেশি তিনজন খেলোয়াড়ের মধ্যে জায়গা হয়নি নেইমারের। ৩৮ বছর বয়সি দানি আলভেসকে অধিনায়ক করেছেন কোচ। ইনজুরির কারণে কোপা আমেরিকায় অনুপস্থিত এই ব্রাজিলিয়ান তারকা।

সুযোগ পেয়েছেন ৩১ বছর বয়সি গোলরক্ষক সান্তোস ও ২৮ বছর বয়সি ডিফেন্ডার দিয়েগো কার্লোস।

২০১৬ সালে সবশেষ রিও অলিম্পিকে স্বর্ণ জিতেছিল ব্রাজিল।

টোকিও অলিম্পিকে ডি গ্রুপে খেলবে লাতিন আমেরিকার দেশটি। ওই গ্রুপে ব্রাজিলের প্রতিদ্বন্দ্বী শক্তিশালী জার্মানি। বাকি দুটি দল নিয়ে হয়তো ভাবনা কম। তারা হচ্ছেন— আইভরি কোস্ট ও সৌদি আরব।

আগামী ২২ জুলাইয়ে প্রথম ম্যাচেই জার্মানির মুখোমুখি হবেন সেলেকাওরা।

২৫ জুলাই আইভরি কোস্ট ও ২৮ জুলাই সৌদি আরবের সঙ্গে খেলবে ব্রাজিল।

১৮ সদস্যের ব্রাজিল একাদশ—

মেহেরপুরে নতুন চার জন করোনায় আক্রান্ত

মেহেরপুর নতুন করে আরও চার জন করোনায় আক্রান্ত হয়েছেন। তাদের মধ্যে দুই জন সদরের ও বাকি দুই জন গাংনী উপজেলার বাসিন্দা।

বুধবার সন্ধ্যায় সিভিল সার্জন কার্যালয় সূত্র জানায়, গত ২৪ ঘন্টায় ২১ জনের নমুনা পরীক্ষার রিপোর্টের মধ্যে পজেটিভ আসে চার

জনের। আর নেগেটিভ আসে ১৭ জনের। নমুনা পাঠানো হয়েছে ১১ টি।

সূত্রে আরোও জানা যায়, সর্বমোট ফলাফল এসেছে ৬৪৬৯ টি, সর্বমোট পজিটিভ ৮৯৬ জন, সুস্থ ৭৬৭ জন, মৃত্যু ১৮ জন ও ট্রান্সফার্ড করা হয়েছে ৬৪ জনকে।

বর্তমানে পজিটিভ সংখ্যা ৪৫ টি (সদরে ১৫, গাংনীতে ২১, মুজিবনগরে ০৯)। ১৪ মার্চ ২০২১ থেকে গতকাল পর্যন্ত আক্রান্তের সংখ্যা- ১২৬ জন।

ভিন্ন সূরে পাওয়া পজিটিভদের পরিচয়- মেহেরপুর শহরের ঘাট পাড়ার নয়ন (৩০), দিঘিরপাড়ার আবু বাক্কার (৫৬) ও গাংনী উপজেলার পূর্ব মালশাদহের জিয়াউর রহমান (৩৯),সুমন (৩২)।

মেহেরপুরের আলোচিত শিল্পপতি হাবিব গ্রেফতার

মেহেরপুরের বহুল আলোচিত ও সমালোচিত হাবিবুর রহমান হাবিব (৪৮) অবশেষে পুলিশের হাতে গ্রেপ্তার হয়েছে।

শনিবার দুপুরে মেহেরপুর সদর উপজেলার আমঝুপি গ্রাম থেকে সদর থানা পুলিশের একটি দল তাকে গ্রেফতার করতে সক্ষম হয়।
হাবিবুর রহমান হাবিব পিরোজপুর গ্রামে মৃত আজিম উদ্দিনের ছেলে।

কখনো শিল্পপতি, কখনো রাজনৈতিক নেতা আবার কখনো নির্বাচনে অংশগ্রহণ করতে গিয়ে এলাকার মানুষের সামনে আসার চেষ্টা করেন এই হাবিব।

ঢাকার একটি আদালতে প্রতারণার তিনটি মামলায় তিন বছরের উপরে তার সাজা রয়েছে বলে জানায় পুলিশ।

গ্রেপ্তারের বিষয়টি নিশ্চিত করে মেহেরপুর সদর থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা সাহা দারা খান বলেন, ঢাকার আদালতে সাজা পরোয়ানা তামিল করতেই তাকে গ্রেপ্তার করা হয়েছে। শনিবার বিকেলে তাকে আদালতে

সোপর্দ করা হয়েছে।

জানা গেছে, প্রতারণার অভিযোগে ঢাকার আদালতে হাবিবের বিরুদ্ধে মামলা করে কয়েকজন। যার ধারা ৪২০ ও ৪০৬। মামলাগুলোতে বিজ্ঞ আদালত ১ বছরের বেশি করে সাজার আদেশ দেন হাবিবের বিরুদ্ধে।

সাজা মাথায় নিয়ে আত্মগোপনে ছিলেন হাবিব। তবে পুলিশ তাকে গ্রেপ্তারের জন্য বিভিন্নভাবে চেষ্টা করছিল। শেষ পর্যন্ত আমঝুপি গ্রাম থেকে তাকে গ্রেফতার করতে সক্ষম হয় সদর থানা পুলিশ।

মেহেরপুরে বিএনপির বিক্ষোভ সমাবেশ

বিএনপির প্রতিষ্ঠাতা ও সাবেক রাষ্ট্রপতি জিয়াউর রহমানের ‘বীর উত্তম’ খেতাব বাতিল করার সিদ্ধান্তের প্রতিবাদে মেহেরপুর জেলা বিএনপির প্রতিবাদ ও বিক্ষোভ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।

শনিবার সকালে মেহেরপুর জেলা বিএনপি’র উদ্যোগে বিএনপির কার্যালয়ের সামনে এ সমাবেশ অনুষ্ঠিত হয়। সমাবেশে সভাপতিত্ব করেন মেহেরপুর জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুন।

সভাপতির বক্তব্যে বলেন, এই সরকার মুক্তিযুদ্ধের চেতনার কথা বলে মাফিয়া চক্র, কালো টাকার মালিক ও লুটেরাদের নিয়ে দেশ পরিচালনা করছে। স্বাধীনতার সুবর্ণ জয়ন্তী শুভক্ষণে শহীদ জিয়াউর রহমান বীর উত্তম খেতাব বাতিলের সিদ্ধান্ত প্রমাণ করে ভোটারবিহীন সরকার অধিপত্যবাদের কাছে দেশের স্বাধীনতা সর্বভৌমত্ত বন্ধক রাখতে চায়। খেতাব বাতিলের এই সিদ্ধান্ত থেকে সরে আসতে তিনি সংশ্লিষ্টদের প্রতি উদাত্ত আহবান জানান।

অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন, জেলা বিএনপির সহ-সভাপতি আব্দুর রহমান, আনছারুল হক, মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি আমিরুল ইসলাম, সদর উপজেলা বিএনপির সভাপতি অ্যাড. মারুফ আহমেদ বিজন, পৌর বিএনপির সভাপতি জাহাঙ্গীর বিশ্বাস।

এ সময় জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা সমাবেশে অংশগ্রহণ করেন।

জীবননগরে কোভিট -১৯ টিকাদান কার্যক্রমের উদ্বোধন

জীবননগরে আনুষ্ঠানিক ভাবে কোভিট-১৯ টিকাদান কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়েছে।

আজ রবিবার সকাল ১১টার সময় স্বাস্থ্য অধিদপ্তর, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রনালয়ের আয়োজনে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের বাস্তবায়নে জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের চিকিৎসক ডাঃ মাহমুদা খাতুনের টিকাদানের মধে দিয়ে জীবননগরে কোভিট ১৯ টিকাদান কার্যক্রমের শুভ উদ্বোধন করা হয়।

জীবননগর উপজেলা নির্বাহী অফিসার এস এম মুনিম লিংকনের সভাপতিত্বে উদ্ভোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী হাফিজুর রহমান।

জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের পঃপঃ কর্মকর্তা ডাঃ সেলিনা আখতার, জীবননগর থানা আওয়ামীলীগের সভাপতি গোলাম মোর্তুজা, সাধারণ সম্পাদক নজরুল ইসলাম, জীবননগর উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান আয়েসা সুলতানা লাকী, জীবননগর থানার অফিসার ইনচার্জ (ওসি) সাইফুল ইসলাম, জীবননগর সাংবাদিক সমিতির সভাপতি জাহিদ বাবু, জীবননগর প্রেস ক্লাবের সাধারণ সম্পাদক এম আর বাবু, জীবননগর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের (আর এম ও) ডাঃ মাহমুদ বিন হেদায়েত সেতু,

সাংবাদিক চাষী রমজান, মাজেদুল মিল্টন, সেচ্ছাসেবী সংগঠন শিকড় সমাজ কল্যাণ সংস্থার জেলা কমিটির সাধারণ সম্পাদক মিঠুন মাহমুদ সহ বিভিন্ন সংগঠনের সদস্যরা উপস্থিত ছিলেন।

প্রথম দিনে রেজিষ্ট্রেশনকৃত জীবননগর উপজেলায় ২৩জনকে টিকা প্রদান

করা হয়।

পর্যায়ক্রমে জীবননগর উপজেলায় ৩হাজার ব্যাক্তিকে কোভিট-১৯ টিকা প্রদান করা হবে বলে জানিয়েছেন জীবননগর উপজেলা স্বাস্থ্যকমপ্লেক্◌্◌েরর কর্মকর্তাগণ।

গাংনীতে ভাতাভোগিদের মোবাইল ব্যাংকিং কার্যক্রমের উদ্বোধনকালে- এমপি খোকন

মেহেরপুরের গাংনীতে সমাজ সেবা কর্তৃক প্রাপ্ত ভাতাভোগিদের মোবাইল ব্যাংকিংয়ের মাধ্যমে ভাতা প্রদান করা হবে। আজ রোববার এর উদ্বোধন করেন সাহিদুজ্জামান খোকন এমপি।

ক্ষুধা ও দারিদ্রমুক্ত সমাজ বিনির্মাণে সেবা প্রান্তজনে বয়ষ্ক, বিধবা ও স্বামী নিগৃহিতা এবং অসচ্ছল প্রতিবন্ধী ভাতা ভোগীদের বিকাশের মাধ্যমে মোবাইলে হিসাব খোলা কার্যক্রমের উদ্ধোধন কালে এমপি সাহিদুজ্জামান খোকন বলেন, বর্তমানে দেশের বিভিন্ন এলাকায় বিকাশ কিংবা রকেটে মাধ্যমে লক্ষ লক্ষ টাকা জালিয়াতি হচ্ছে। কোন মাসের টাকা কোন মাসে পাওয়া যায় তারও কোনো ঠিক নাই।

ব্যাংকে টাকা তুলতে গেলে সারাদিন পরে হলেও টাকা হাতে পেয়ে খুশিতে আত্নহারা হয়ে বাড়ি ফেরেন একজিন ভাতা গ্রহিতা। অথচ মোবাইলের মাধ্যমে যারা টাকা পাবেন এমন লোকও আছে যারা নিজের মোবাইলের নাম্বার টাও বলতে পারেননা। এমন কি টাকার ম্যাসেজ পাঠানো হলেও ভাতাভোগী বুঝে উঠবেননা তিনি টাকা পেয়েছেন কিনা। তিনি সঠিক সময়ে টাকা না পেলে বা টাকার পরিমাণ কম পেলে অভিযোগ করা বা তা খন্ডন করার কেউ থাকবেনা। বরং ভাতাভোগী নানা বিড়ম্বনায় পড়বেন। হবেন প্রতারিত।

ইতো-মধ্যে সরকারের করোনা কালীন সময়ে আর্থিক সহায়তা প্রদানে নানা টালবাহানা করেছে বিকাশ বা অন্যান্য মোবাইল কোম্পানী। কার

টাকা কার মোবাইলে গেছে তা দেখার বা বলার কেউ নেই।

এছাড়াও উপবৃত্তির টাকা প্রদানের ক্ষেত্রেও নানা অসুবিধা হয়েছে শিক্ষার্থীদের। বিকাশ কোম্পানী সরকারের কাছ থেকে টাকা নিয়ে সে টাকা সঠিক ভাবে প্রদান করেননি এমন অহরহ ঘটনা আছে আমাদের দেশে।

এঅবস্থায় অনেক কোম্পানীর লোকজন বিভিন্ন অফার বা অন্যান্য সুযোগ সুবিধার কথা বলে সরকারি টাকা প্রদানের চুক্তি নিচ্ছেন বটে, কিন্তু তাতে বাড়ছে প্রতারনা ও বিড়ম্বনা। আর এসকল কাজ যারা সরকারে কাছ থেকে চুক্তির প্রস্তাবনা দিচ্ছেন তারা না বুঝে প্রস্তাব দিচ্ছেন বলেও মন্তব্য করেন এ সাংসদ। এমন কাজ কর্মে বুঝে শুনে প্রস্তাবনা দেয়ার জন্য সরকারি কর্মকর্তাকে সজাগ থাকারও আহব্বান করেন।

গাংনী উপজেলা নির্বাহী অফিসার আরএম সেলিম শাহনেওয়াজের সভাপতিত্বে বিশেষ অতিথি ছিলেন সমাজ সেবা অধিদপ্তরের ভারপ্রাপ্ত উপ-পরিচালক কাজী কাদের মোহাঃ ফজলে রাব্বি।

অনুষ্ঠানে ৪০ জন ভাতাভোগি বিকাশ অ্যাকাউন্ট খুলেছেন। গাংনীতে ২ হাজার ভাতাভোগি বিকাশে হিসাব খুলবেন বলে জানিয়েছেন গাংনী উপজেলা সমাজ সেবা অফিসার কাজি মোঃ আবুল মনসুর।

বিএনপি টিকা নিয়ে মিথ্যাচারে লিপ্ত আছে- হানিফ

করোনা মহামারি থেকে দেশের মানুষকে রক্ষা করার জন্য দ্রুততম সময়ে করোনার টিকা সব জেলা পর্যায়ে পৌছে দেবার জন্য প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে ধন্যবাদ, কৃতজ্ঞতা প্রকাশ করে আওয়ামীলীগের যুগ্ম সাধারণ সম্পাদক মাহাবুবউল আলম হানিফ।

তিনি বলেন, বিএনপি প্রথম থেকে করোনা নিয়ে নেতিবাচক কথা বলে আসছে। তারা বলেছিল করোনার টিকা বাংলাদেশে আসবে না, কিন্তু টিকা এসেছে। এরপরে তারা বললো ভ্যাকসিন আগে প্রধানমন্ত্রী নিক, তারপর

অন্যরা নেবে।

এসব বলে তারা দেশের মানুষের ভিতর করোনা টিকা নিয়ে বিভ্রান্তি সৃষ্টি করেছিল। এটা নিলে মানুষ মারা যেতে পারে করোনা টিকা নিয়ে এমন ভয়ংকর প্রচারণা চালিয়েছিল। যাতে মানুষ করোনা টিকা না নেয় সেই জন্য তারা মানুষের মধ্যে আতংক সৃষ্টি করেছিল।

হানিফ বলেন, আমরা টিকা নিয়ে এটা প্রমান করেছি যে বিএনপি টিকা নিয়ে মিথ্যাচারে লিপ্ত আছে। তিনি বলেন, ভ্যাকসিন নেবার পরে আমার মধ্যে কনো ধরনের অসুস্থতা নেই। ২০ মিনিট পরেও আমি স্বাভাবিকভাবে কথা বলছি। এটা নিরাপদ।

এসময় তিনি জনগণকে রেজিষ্ট্রেশন করে নির্ভয়ে করোনা ভ্যাকসিন নেবার অনুরোধ করে বলেন, এর মাধ্যমে আমরা বাংলাদেশ থেকে করোনাকে চিরতরে নির্মুল করতে সক্ষম হবো।

নিজে টিকা নিয়ে রবিবার বেলা সাড়ে ১১টায় কুষ্টিয়া জেনারেল হাসপাতালে করোনা টিকাদান কার্যক্রমের উদ্বোধন করে হানিফ সাংবাদিকদের এসব কথা বলেন।

এসময় কুষ্টিয়ার কুমারখালী খোকসা আসনের সংসদ সদস্য সেলিম আলতাফ জর্জ, জেলা প্রশাসক আসলাম হোসেন, পুলিশ সুপার এসএম তানভীর আরাফাত, কুষ্টিয়া আদালতের পাবলিক প্রসিকিউটর অ্যাডভোটেক অনুপ কুমার নন্দী করোনা টিকা নেন।

এসময় সিভিল সার্জন আনোয়ারুল ইসলাম, জেলা বিএমএমএর সভাপতি ডাঃ এস এম মুসতানজিদ ও সিনিয়র মেডিসিন বিশেষজ্ঞ ডাঃ এসএম মুসা কবির উপস্থিত ছিলেন।

উল্লেখ্য, আজ কুষ্টিয়ায় নিবন্ধন করা প্রায় একশ’ জনের করোনা টিকা দেওয়া হয়। জেনারেল হাসপাতালের চারটি বুথে এই টিকা দেওয়া হয়। এ পর্যন্ত প্রায় আড়াই হাজার মানুষ টিকা নেবার জন্য নিবন্ধন করেছেন।

সকাল আটটা থেকে বেলা আড়াইটা পর্যন্ত জেলা উপজেলা হাসপাতাল, পুলিশ লাইনসহ কয়েকটি পয়েন্টে নিবন্ধিত মানুষের মধ্যে টিকা দেওয়া হবে বলে জানিয়েছে কুষ্টিয়ার সিভিল সার্জন।।

শৈলকুপায় কোভিট-১৯ ভ্যাকসিন প্রদানের উদ্বোধন

ঝিনাইদহের শৈলকুপা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে কোভিট-১৯ ভ্যাকসিন প্রদানের এর শুভ উদ্বোধন ঘোষনা করা হয়েছে।

এ উপলক্ষে রবিবার সকার ১০টায় উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স মিলনায়তনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা কানিজ ফাতেমা লিজার সভাপতিত্বে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ-১ আসনের সংসদ সদস্য আব্দুল হাই।

বিশেষ অতিথি ছিলেন পৌর মেয়র কাজী আশরাফুল আজম, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জাহিদুন্নবি কালু, বক্তব্য প্রদান করেন উপজেলা স্বাস্থ ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা ডা: রাশেদ আল মামুন, ঝিনাইদহ জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান, শৈলকুপা উপজেলা আওয়ামী লীগের আহ্বায়ক মতিয়ার রহমান, এমপি পুত্র তানভির হাসান হাই, প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসা প্রমুখ।

অনুষ্ঠান শেষে ভ্যাকসিন গ্রহন করেন যথাক্রমে উপজেলা স্বাস্থ্য কম্পেক্সের ডা: শাহনেওয়াজ ইবনে কাশেম, জেলা আওয়ামী লীগের দপ্তর সম্পাদক আসাদুজ্জামান, এমপি পুত্র তানভির হাসান হাই, প্রেসক্লাবের সভাপতি এম হাসান মুসা, প্রেসক্লাবের নির্বহী সদস্য ও সমকাল প্রতিনিধি তাজনুর রহমান ডাবলু, সাংগঠনিক সম্পাদক আব্দুল জাব্বার সহ মোট ৩০ জনকে প্রথম দিনে ভ্যাকসিন প্রদান করা হয়।